

■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৪৩৫২

৬৪/ মাগাযী [युक्त] (کتاب المغازی)

পরিচ্ছেদঃ ৬৪/৬২. বিদায় হজ্জের পূর্বে 'আলী ইবনু আবূ ত্বলিব এবং খালিদ ইবনু ওয়ালীদ (রাঃ)-কে ইয়ামানে প্রেরণ।

بَاب بَعْثُ عَلِيّ بْنِ أَبِيْ طَالِبٍ عَلَيْهِ السَّلَام وَخَالِدِ بْنِ الْوَلِيْدِ رَضِيَ اللهُ عَنْهُ إِلَى الْيَمَنِ قَبْلَ حَجَّةِ الْوَدَاع

আরবী

الْمَكِّيُّ بْنُ إِبْرَاهِیْمَ عَنْ ابْنِ جُرَیْجٍ قَالَ عَطَاءٌ قَالَ جَابِرٌ أَمَرَ النَّبِيُّ صلى الله علیه وسلم عَلِیًّا أَنْ یُقِیْمَ عَلَی إِحْرَامِهِ زَادَ مُحَمَّدُ بْنُ بَكْرٍ عَنْ ابْنِ جُرَیْجٍ قَالَ عَطَاءٌ قَالَ جَابِرٌ فَقَدِمَ عَلِیًّ بْنُ أَبِیْ طَالِبٍ رَضِیَ اللهُ عَنْهُ بِسِعَایَتِهِ قَالَ لَهُ النَّبِیُّ صلی الله علیه وسلم بِمَ أَهْلَلْتَ عَلِی وَالله علیه وسلم بَمَ أَهْلَلْتَ يَا عَلِی قَالَ بِمَا أَهَلَّ بِهِ النَّبِیُ صلی الله علیه وسلم قَالَ فَأَهْدِ وَامْکُثْ حَرَامًا کَمَا أَنْتَ قَالَ وَأَهْدَى لَهُ عَلِی قَدْ الله علیه وسلم قَالَ وَأَهْدِ وَامْکُثْ حَرَامًا کَمَا أَنْتَ قَالَ وَأَهْدَى لَهُ عَلِی الله علیه وسلم قَالَ وَأَهْدِ وَامْکُثْ حَرَامًا کَمَا أَنْتَ

বাংলা

৪৩৫২. জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম 'আলী (রাঃ)-কে তাঁর কৃত ইহরামের উপর স্থির থাকার নির্দেশ দিয়েছিলেন। মুহাম্মাদ ইবনু বাকর ইবনু জুরায়জ-'আত্বা (রহ.)-জাবির (রাঃ) সূত্রে আরও বর্ণনা করেন যে, জাবির (রাঃ) বলেছেনঃ 'আলী ইবনু আবূ তালিব তাঁর আদায়কৃত কর খুমুস নিয়ে (মঞ্চায়) আসলেন। তখন নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, হে 'আলী! তুমি কিসের ইহরাম বেঁধেছ? তিনি বললেন, নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম যেটির ইহরাম বেঁধেছেন। নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বললেন, তা হলে তুমি কুরবানীর পশু পাঠিয়ে দাও এবং ইহরাম বাঁধা এ অবস্থায় অবস্থান করতে থাক। বর্ণনাকারী [জাবির (রাঃ)] বলেন, সে সময় 'আলী (রাঃ) নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য কুরবানীর পশু পাঠিয়েছিলেন। [১৫৫৭; মুসলিম ১৫/১৭, হাঃ ১২১৬] (আধুনিক প্রকাশনীঃ ৪০০৭, ইসলামিক ফাউন্ডেশনঃ ৪০১১)

English

Narrated 'Ata:



Jabir said, "The Prophet (ﷺ) ordered `Ali to keep the state of Ihram." Jabir added, "Ali bin Abi Talib returned (from Yemen) when he was a governor (of Yemen). The Prophet (ﷺ) said to him, 'With what intention have you assumed the state of Ihram?' `Ali said, "I have assumed Ihram with an intention as that of the Prophet." Then the Prophet (ﷺ) said (to him), 'Offer a Hadi and keep the state of Ihram in which you are now.' `Ali slaughtered a Hadi on his behalf."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন